

## সম্পাদকীয়

মাসিক  
**সি নিউজ**  
প্রযুক্তির কণ্ঠস্বর

সম্পাদক ও প্রকাশক

রাশেদ কামাল

নির্বাহী সম্পাদক

কাজী মোস্তাক গাউসুল হক

বিপণন ব্যবস্থাপক

গোলাম দাস্তগীর তৌহিদ

প্রতিবেদক

মনিরুল হক ফিরোজ

নুরুল্লাহী হাছিব

পিয়াস রায়

ইশতিয়াক মাহমুদ

হিসাব বিভাগ

সোহেলী শওকত

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা

মো: শহীদউল-হ

কম্পিউটার কম্পোজ

রবিউল হাসান

কারিগরী বিভাগ

আব্বাস উদ্দিন শেখ

ডি. এম. রবি

সার্কুলেশন

আবি আবদুল-হ (সবুজ)

The Monthly  
**NEWS**

Editor & Publisher


Rashed Kamal

Executive Editor

Kazi Mostak Gausul Hoq

১০ জুন ২০১০ মহান জাতীয় সংসদে ২০১০-১১ অর্থবছরের জাতীয় বাজেট ঘোষণা করলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ডিজিটাল বাংলাদেশের পতাকাবাহী এ সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে বাজেটে কতটা মূল্য দেয় সেটি দেখার আগ্রহ প্রযুক্তিপ্রেমীদের পাশাপাশি সাধারণ মানুষেরও ছিল। বাজেট ঘোষণার পর নিজের নিজের মত করে সেটিকে বিশ্লেষণ করেছেন সবাই। অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় ভবিষ্যৎ বাংলাদেশের রূপকল্প সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন, ‘আমরা এমন এক বাংলাদেশ প্রতিষ্ঠা করতে চাই, যেখানে অর্থনীতির চালিকাশক্তি হবে উন্নত প্রযুক্তি এবং উচ্চতর প্রবৃদ্ধি।’ প্রযুক্তিনির্ভর উন্নত এক বাংলাদেশের কথা বাজেট বক্তৃতায় বারবারই ঘুরেফিরে এসেছে। তবে পরিকল্পনা প্রণয়ন, অর্থ বরাদ্দ আর নীতি ও কৌশল নির্ধারণের মাধ্যমে বাজেটে সেই রূপকল্পের কতটুকু প্রতিফলন ঘটেছে সেটাই আসল কথা। ইতোমধ্যে দেশের তথ্যপ্রযুক্তি খাতের তিন নেতৃস্থানীয় সংগঠন বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) যৌথভাবে সংবাদ সম্মেলনের মাধ্যমে বাজেট-পরবর্তী প্রাথমিক প্রতিক্রিয়া জানিয়েছে। বাজেটে তথ্যপ্রযুক্তি অগ্রাধিকার পায়নি বলেই মতপ্রকাশ করেছেন তিন সমিতির নেতৃবর্গ। হাইটেক পার্ক, ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা ও দ্বিতীয় সাবমেরিন কেবল স্থাপনের জন্য বাজেটে সুনির্দিষ্ট বরাদ্দ না থাকা, গত বাজেটে আইসিটি খাতের খোক বরাদ্দ ১০০ কোটি টাকা কার্যত একই পরিমাণে থেকে যাওয়া, তথ্যপ্রযুক্তি নীতিমালা অনুযায়ী এডিপিপির পাঁচ শতাংশ এবং রাজস্ব দুই শতাংশ দেওয়ার কথা উল্লেখ না থাকা, দেশে টেলিঘনত্ব বাড়ানোর ব্যাপারে ইতিবাচক পদক্ষেপ না নেয়া ইত্যাদি বিভিন্ন মহল থেকে সমালোচিত হয়েছে। অবশ্য ঘোষিত পরিকল্পনাগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সেটাকেও বড় অর্জন বলেই মানতে হবে। আমরা আশা করব বাজেটের যথাযথ বাস্তবায়নের পাশাপাশি তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট সংস্থাগুলোর মতামত ও পরামর্শকে আমলে নিয়ে ডিজিটাল বাংলাদেশের পথচলায় মনোযোগী হবে সরকার।

প্রিয় পাঠক, যথাসময়ে সি নিউজ-এর জুলাই সংখ্যা আপনাদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। সবাই ভাল থাকবেন।



## সূচি

সফলভাবে চালু হল ই-ভোটিং কার্যক্রম	১৫	প্রিডি স্টুডিও ম্যাক্স শেখার আসর	৫৬
তথ্যপ্রযুক্তি খাত অগ্রাধিকার পায়নি বলে...	১৭	অ্যানিমেটেড গাড়ির ভুবনে স্বাগতম	৫৭
হার্ড ড্রাইভের অসাধারণ বিকল্প	১৮	ব-গার.কম-এ সেটিংস অপশনের ব্যবহার	৫৯
মাস্টার ফাইল: বিশ্ববিদ্যালয়ে নতুন দিনের পদধ্বনি		তৈরি করুন নিজস্ব ইউটিউব চ্যানেল	৬০
ডিজিটাল ক্যাম্পাস	১৯-২৭	ফেসবুকের ভেতর বাহির	৬১
পিটটোমিও-র সাহায্যে ডিজিটাল অ্যালবাম	২৪	চলুন ঘুরে আসি ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরি থেকে	৬২
মিডিয়ামাংকি দিয়ে সাজান ডিজিটাল...	২৫	মোবাইল টেকনোলজি	৬৩-৬৫
ক্লাউড কম্পিউটিং-এর সহজ পাঠ	২৭	ইংরেজি বিভাগ	৬৬-৭১
ছবি এডিটিং-এর ফ্রি সফটওয়্যারের খোঁজখবর	৩৫	দেশী খবর	৭২-৭৬
বাজেট ও ডিজিটাল বাংলাদেশ	৩৯	ফ্যামিভা-র সাহায্যে যোগাযোগ রাখুন...	৭৭
বিসিসি কর্তৃক স্কুল ও কলেজে কম্পিউটার ল্যাব...	৪৩	অ্যাপল ওয়ার্ল্ড	৭৯
উবুন্টুতে Pidgin IM মেসেঞ্জার ব্যবহার	৪৫	দূর দিগন্ত	৮০-৮১
মাইক্রোকন্ট্রোলার প্রজেক্ট: ডিজিটাল ঘড়ি	৪৬	নতুন পণ্য	৮২-৮৬
হোম নেটওয়ার্কে উইভোজ ৭ যুক্ত হওয়া	৪৭	ক্লিক'ন শট	৮৭-৮৮
ড্রিমউয়িভার-এর ব্যবহার ও কোডিং লেখা	৪৮	টিপস এন্ড ট্রিকস	৮৯-৯০
ট্যাগট্যাগ-এ মোবাইল সাইট ও ব-গ তৈরি	৫০	বাজার চলতি	৯২-৯৪

Head Office : 41/5-A Purana Paltan (2nd Floor), Dhaka-1000. Mobile : 01818-414608

Mailing Address : House # 449 (4th Floor), Road # 31, New DOHS, Mohakhali, Dhaka-1215

সম্পাদক ও প্রকাশক রাশেদ কামাল কর্তৃক ৪১/৫-এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০ থেকে প্রকাশিত। মেসার্স এস.আর প্রিন্টিং প্রেস লি. ৮৫/১ নয়া পল্টন, ঢাকা-১০০০ কর্তৃক মুদ্রিত যোগাযোগ: বাড়ী # ৪৪৯ (৫ম তলা), রোড # ৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২১৫। ফোন: ৮৭১৪১৮৫-৬, ০৪৪-৭৬৫০১১৬৭  
ফ্যাক্স: ৮৮০-২-৮৭১৪১৮৬, ই-মেইল: info@cnewsvoice.com ওয়েব: www.cnewsvoice.com